# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫৪৭

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৬. দেহের অভ্যন্তর ভাগ থেকে, যেমন নাক দিয়ে রক্ত নিঃসরণ, বমন, রক্তমোণ ইত্যাদি ক্ষেত্রে উযু করা সম্পর্কে

بَابٌ فِي الْوُضُوءِ مِنَ الْخَارِجِ مِنَ الْبَدَنِ كَالرُّعَافِ وَالْقَيْءِ وَالْحِجَامَةِ وَنَحْوِهِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سُلَيْمَانَ النُّعْمَانِيُّ ، وَالْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ الْقَاضِي ، قَالا : نَا أَبُو عُتْبَةَ أَحْمَدُ بْنُ الْفَرَجِ ، نَا مُحَمَّدُ بْنُ حِمْيَرٍ ، نَا سُلَيْمَانُ بْنُ أَرْقَمَ ، عَنِ ابْنِ جُرَيْجٍ ، عَنْ أَبِيهِ ؛ أَنَّ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ قَالَ : " إِذَا رَعَفَ أَحَدُكُمْ فِي صَلاتِهِ أَوْ قَلَسَ ، فَلْيَنْصَرِفْ فَلْيَتَوَضَّأْ ، وَلْيَرْجِعْ فَلْيُتِمَّ صَلاتَهُ ، عَلَى مَا مَضَى مِنْهَا مَا لَمْ يَتَكَلَّمْ " . وَحَدَّثَنِي ابْنُ جُرَيْجٍ ، عَنِ ابْنِ أَبِي مُلَيْكَةَ ، عَنْ عَائِشَةَ ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ مِثْلَ ذَلِكَ

বাংলা

৫৪৭(১৭). মুহাম্মাদ ইবনে সুলায়মান আন-নু’মান (রহঃ) ... ইবনে জুরাইজ (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ নামাযরত অবস্থায় তোমাদের কারো নাক দিয়ে রক্ত বের হলে অথবা বমনোদ্রেক হয়ে মুখে চলে এলে সে যেন (নামায ছেড়ে দিয়ে) বাইরে গিয়ে উযু করে এবং ফিরে এসে অবশিষ্ট নামায পূর্ণ করে, যদি না কথাবার্তা বলে থাকে।

ইবনে জুরাইজ-ইবনে আবু মুলায়কা-আয়েশা (রাঃ)-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে পূর্বোক্ত হাদীসের অনুরূপ বর্ণিত।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ ইবনু জুরায়জ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80336

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন